

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫৮৯

১২. কিতাবুস সিয়াম (کتاب الصوم)

পরিচ্ছেদঃ যে দিনের ব্যাপারে ব্যক্তি সন্দেহ পোষন করে যে, এটা কি শা'বান মাস নাকি রমযান মাস-সে দিন সিয়াম রাখা বৈধ, যদি আকাশ মেঘাচ্ছন্ন হয়

ذِكْرُ إِبَاحَةِ صَوْمِ الْمَرْءِ الْيَوْمَ الَّذِي يُشَكُّ فِيهِ أَمِنْ رَمَضَانَ هُوَ أُمْ مِنْ شَعْبَانَ إِذَا غُمَّ عَلَى النَّاسِ الرُّوئِيَةُ

আরবী

3589 ـ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ السَّامِيُّ قَالَ: حَدَّثَنَا يَحْيَى بْنُ أَيُّوبَ الْمَقَابِرِيُّ حَدَّثَنَا إِسْمَاعِيلُ بْنُ جَعْفَرٍ قَالَ: وَأَخْبَرَنِي عَبْدُ اللَّهِ بْنُ دِينَارٍ أَنَّهُ سَمِعَ ابْنَ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم: (لَا تَصنُومُوا حَتَّى تَرَوَا الْهِلَالَ وَلَا تُفْطِرُوا حَتَّى تَرَوْهُ إِلَّا أَنْ يُغَمَّ عَلَيْكُمْ فَإِنْ غُمَّ عليكم فاقدروا له)

الراوي: ابْن عُمَرَ | المحدث: العلامة ناصر الدين الألباني | المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3589 | خلاصة حكم المحدث: صحيح _ ((الإرواء)) (903): ق.

বাংলা

৩৫৮৯. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, "তোমরা চাঁদ না দেখা পর্যন্ত সিয়াম পালন করবে না এবং চাঁদ না দেখা পর্যন্ত তোমরা সিয়াম ছাড়বেও না, যদি না তোমাদের কাছে আকাশ মেঘাচ্ছন্ন হয়। যদি আকাশ মেঘাচ্ছন্ন হয়, তবে তোমরা (শা'বান মাসকে ৩০ দিন) ধরে নিবে।"[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২০৮০; সুনান বাইহাকী: ৪/২০৫; মুয়াত্তা ইমাম মালিক: ১/২৮৬; মুসনাদ ইমাম শাফেঈ: ১/২৭২; সহীহুল বুখারী: ১৯০৭; বাগাবী: ১৭১৪।



হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৯০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন